নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে নিম্নে বর্নিত শর্তে অস্থায়ী ভিত্তিতে চুক্তি ভিত্তিক "সহকারী প্রকৌশলী" নিয়োগ এবং প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১।	সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক/সিভিল/আর্কিটেকচার/কম্পিউটার) টাঃ ১১০০০-৪৯০-১৪৪৩০- ইবি-৫৪০-২০৩৭০/- (জাঃ বেঃ স্কেল/০৯)	১১১ টি	কোন প্রতিষ্ঠানে কর্মরত কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেনী সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (তড়িৎ/ যান্ত্রিক/ সিভিল/আর্কিটেকচার/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) (প্রথম বিভাগ/শ্রেনীর সমতুল্য হিসাবে এসএসসি ও এইচএসসি এর ক্ষেত্রে জিপিএ ৩.০০ এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে জিপিএ ৩.০০ গণ্য হইবে)

শর্তাবলীঃ

১। বোর্ডের অধীনে বিভিন্ন স্থাপনায় বিদ্যমান সহকারী প্রকৌশলী পদের বিপরীতে যোগ্য প্রার্থীগণকে সম্পূর্ন অস্থায়ীভাবে ১(এক) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হইবে। চাকুরী সন্তোষজনক হইলে বছর বছর নবায়নের মাধ্যমে চুক্তির মেয়াদ ৫(পাঁচ) বছর পর্যন্ত বর্ধিত করা যাইবে। চুক্তি ভিত্তিক নিয়োজিত থাকাকালীন সময়ে তাঁহারা বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচীতে অংশগ্রহণ করিবেন।

২। চুক্তিকালীন সময়ে চাকুরীর রেকর্ড সন্তোষজনক হইলে পরবর্তীতে সহকারী প্রকৌশলীর স্থায়ী পদ শূন্য থাকা এবং স্থায়ী পদে নিয়োগের যোগ্যতা থাকা সাপেক্ষে প্রচলিত বিধান অনুযায়ী তাঁহাদিগকে সহকারী প্রকৌশলী'র শূন্য পদের বিপরীতে নিয়মিত নিয়োগ প্রদান বোর্ড কর্তৃক বিবেচিত হইতে পারে।

৩। বর্ণিত পদের জন্য বয়স সীমা ২২ শে জানুয়ারী, ২০১২ইং তারিখে ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে উর্দ্ধ বয়স ৩২ বৎসর। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীগনের উর্ধ্ব বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিল যোগ্য।

৪। যে সকল প্রার্থী বিদেশ হইতে ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদিগকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যায়ন পত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

৫। বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করিয়া এ,এম,আই,ই/বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ বিউবোর্ডের বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে পারেন। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

৬। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরন করা হইবে।

৭। মুক্তিযোদ্ধা ও উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ আবেদন পত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে তাহাদের পিতা/মাতা/পিতামহ/মাতামহ'র অনুকূলে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে।

৮। (ক) দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে ২০০/-(দুইশত) টাকার অফেরতযোগ্য ক্রসড পোষ্টাল অর্ডার, (২) সদ্য তোলা ৩(তিন) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) ১ম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক সকল পরীক্ষা পাশের মূল সনদের সত্যায়িত অনুলিপি, (৪) দুইজন অনাত্মীয় ১ম শ্রেনীর কর্মকর্তার নিকট হইতে দুইটি চারিত্রিক সনদপত্র, (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নাগরিকত্বের সনদ, (৬) উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের নিকট হইতে প্রত্যয়নপত্র, (৭) নিজ ঠিকানা লিখিত ও ৩(তিন) টাকা মূল্যের ষ্ট্যাম্পযুক্ত ২৮×১১ সেঃ মিঃ সাইজের একটি খাম আবেদন পত্রের সহিত সংযোজন করিতে হইবে।

(খ) দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট (www.bpdb.gov.bd) হইতে ডাউনলোড করা যাইবে।

(গ) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করিলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্নরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোনক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। ***মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হইলে আবেদন পত্রের উপর এবং খামের উপর উহা স্পষ্টভাবে লিখিতে হইবে।***

৯। আবেদন পত্র আগামী ২২ শে জানুয়ারী, ২০১২ইং তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পরে কোন আবেদন (ডাকযোগে বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরীত) গ্রহণ করা হইবে না। সঠিক আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচী বিউবো এর ওয়েব সাইটে (www.bpdb.gov.bd) প্রচার করা হইবে।

২০/১২/১১

পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,ঢাকা